

ক্যাম্পাস

গণিত অলিম্পিয়াডে অনলাইন বাছাই ৩ জানুয়ারি

নিজস্ব প্রতিবেদক

আপডেট: ০৪ জানুয়ারি ২০২৫, ১৫: ০৮



Nasir Khan Saikat / nasirkhn.com

বাংলাদেশ গণিত অলিম্পিয়াড কমিটি কর্তৃক আয়োজিত ‘ডাচ্-বাংলা ব্যাংক-প্রথম আলো গণিত উৎসব ২০২৫’ চলতি বছর ৩টি ধাপে অনুষ্ঠিত হবে। যথাক্রমে অনলাইন বাছাই অলিম্পিয়াড, আঞ্চলিক উৎসব ও জাতীয় উৎসব। এ আয়োজনের প্রথম ধাপ ‘অনলাইন বাছাই গণিত অলিম্পিয়াড’ আগামীকাল শুক্রবার (৩ জানুয়ারি) অনুষ্ঠিত হবে। প্রাইমারি ও জুনিয়র ক্যাটাগরির শিক্ষার্থীদের অংশগ্রহণের সময় সকাল ৯টা ৩০ মিনিট থেকে ১০টা ৩০ মিনিট পর্যন্ত এবং সেকেন্ডারি ও হায়ার সেকেন্ডারি ক্যাটাগরির শিক্ষার্থীদের অংশগ্রহণের সময় বেলা ১১টা ৩০ মিনিট থেকে দুপুর ১২টা ৩০ মিনিট পর্যন্ত।

আয়োজকেরা জানান, ২০২৫ সালে গণিত উৎসবে নিবন্ধনকারীর সব শিক্ষার্থীর জন্য ‘অনলাইন বাছাই গণিত অলিম্পিয়াড’ বাধ্যতামূলক। নিবন্ধিত শিক্ষার্থীরা অনলাইন বাছাই গণিত অলিম্পিয়াডে অংশ নিতে লগইন করতে হবে এই [ওয়েবসাইটে](#)। পরীক্ষায় অংশগ্রহণের জন্য নির্দিষ্ট সময়ে শিক্ষার্থীদের নিজ নিজ ৬ অঙ্কের ইউজার নেম ও পাসওয়ার্ড ব্যবহার করে লগইন করে অংশ নিতে হবে।

উল্লেখ্য, অনলাইন বাছাইপর্বের বিজয়ী শিক্ষার্থীদের নিয়ে পরবর্তী সময়ে ‘আঞ্চলিক গণিত উৎসব’ এবং আঞ্চলিক গণিত উৎসবের বিজয়ীদের নিয়ে ঢাকায় অনুষ্ঠিত হবে ‘জাতীয় গণিত উৎসব’।

ডাচ-বাংলা ব্যাংকের পৃষ্ঠপোষকতা ও প্রথম আলোর সহযোগিতায় গণিত অলিম্পিয়াডের আয়োজক বাংলাদেশ গণিত অলিম্পিয়াড কমিটি।

